গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

সংবাদ গতিধারা
সংখ্যা : ৪/২০১৭

ঢাকা, বুধবার ৪ জানুয়ারি ২০১৭, ২১ পৌষ ১৪২৩

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। একনেকে ৬ প্রকল্প অনুমোদন

২। সুউচ্চ ভবন করতে কাছে জলাধার রাখার নির্দেশ প্রধানমন্ত্রীর

৩। রাষ্ট্রপতির সঙ্গে সংলাপে তরীকতের ১৯ দফা ও বিজেপির ৮ দফা প্রস্তাব

৪। সাড়ে ৪ বছরের মধ্যে গত ডিসেম্বরে মূল্যস্ফীতি ছিল সবচেয়ে কম

৫। সংসদের চতুর্দশ অধিবেশন আগামী ২২ জানুয়ারি

৬। প্রধানমন্ত্রী মার্চে উদ্বোধন করবেন দ্বিতীয় ভৈরব রেল ও দ্বিতীয় তিতাস রেলসেতু : রেলপথ মন্ত্রী

৭। রাজধানীর গুলশান-১ ডিএনসিসি মার্কেটে ভয়াবহ আগুন

৮। ২ হাজার ৩৬৭ জন গেরিলা মুক্তিযোদ্ধার স্বীকৃতি : হাইকোর্টের রায় বহাল

৯। ভূমিকম্পে কাঁপল সারাদেশ : উৎপত্তিস্থল ত্রিপুরা

১০। সার্ভিস চার্জ আদায়ে ব্যাংকের জন্য ৬ খাত নির্ধারণ
: হুন্ডি রোধে তৎপর হওয়ার নির্দেশ বাংলাদেশ ব্যাংকের

১। **একনেকে ৬ প্রকল্প অনুমোদন**

দেশের গুরুত্বপূর্ণ উপজেলা সদরে ১৫৬ টি ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন স্থাপনসহ ৬ প্রকল্পের অনুমোদন দিয়েছে জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটি (একনেক)। এসব প্রকল্প বাস্তবায়নের মোট ব্যয় ধরা হয়েছে ২ হাজার ৪৭৪ কোটি ৬৫ লাখ টাকা। গতকাল ৩ জানুয়ারি মঙ্গলবার রাজধানীর শেরেবাংলানগর এনইসি সম্মেলন কক্ষে একনেক চেয়ারপারসন ও প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে অনুষ্ঠিত একনেক বৈঠকে এসব প্রকল্পের অনুমোদন দেওয়া হয়। বৈঠক শেষে পরিকল্পনামন্ত্রী আ হ ম মুস্তফা কামাল জানান, প্রকল্পগুলো বাস্তবায়নে মোট ব্যয় ধরা হয়েছে ২ হাজার ৪৭৪ কোটি ৬৫ লাখ টাকা। এর মধ্যে সরকারি তহবিল থেকে ২ হাজার ২ কোটি ৩৫ লাখ এবং বৈদেশিক সহায়তা থেকে ৪৭২ কোটি ৩০ লাখ টাকা জোগান দেওয়া হবে। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.১) **প্রথম আলো** (পৃ.১২,ক.৮), **অবজারভার** (পৃ.১৭,ক.১), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.১)।

২। **সুউচ্চ ভবন করতে কাছে জলাধার রাখার নির্দেশ প্রধানমন্ত্রীর**

যে কোনো সুউচ্চ ভবন করার সময় আশপাশে জলাধার রাখার বিষয়ে নির্দেশনা দিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। জনবলের অভাবে কোনো উন্নয়ন প্রকল্প যাতে বাধাগ্রস্ত না হয় সে বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের নির্দেশনাও দিয়েছেন তিনি। গতকাল ৩ জানুয়ারি মঙ্গলবার অনুষ্ঠিত জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটির (একনেক) বৈঠকে এই নির্দেশনা দেন প্রধানমন্ত্রী। শেরেবাংলা নগরস্থ এনইসি সম্মেলন কেন্দ্রে প্রধানমন্ত্রীর সভাপতিত্বে অনুষ্ঠিত একনেক বৈঠক শেষে এ তথ্য জানান পরিকল্পনা মন্ত্রী আ হ ম মুস্তফা কামাল। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক. ৮)।

৩। **রাষ্ট্রপতির সঙ্গে সংলাপে তরীকতের ১৯ দফা ও বিজেপির ৮ দফা প্রস্তাব**

নির্বাচন কমিশন পুনর্গঠন নিয়ে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদের সঙ্গে গতকাল ৩ জানুয়ারি মঙ্গলবার সংলাপ করেছেন ১৪ দলীয় জোটের শরিক বাংলাদেশ তরীকত ফেডারেশন ও ২০ দলীয় জোটের শরিক বাংলাদেশ জাতীয় পার্টির (বিজেপি) নেতারা। সার্চ কমিটি গঠনের মাধ্যমে নির্বাচন কমিশন গঠনে রাষ্ট্রপতির কাছে তরীকত ফেডারেশনের পক্ষ থেকে ১৯ দফা প্রস্তাব দেওয়া হয় বিজেপির পক্ষ থেকে আট দফা প্রস্তাব দেওয়া হয়েছে। এর মধ্যে জবাবদিহিতা নিশ্চিত করার জন্য আট বিভাগে আটজন কমিশনারকে দায়িত্ব দেওয়ার পাশাপাশি সার্চ কমিটি ও কমিশনে ব্যবসায়ী নেতা রাখার প্রস্তাব রয়েছে। সূত্র-**সমকাল** (পৃ.১৯,ক.১), **ভোরের কাগজ** (পৃ.১,ক.২), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.২), **অবজারভার** (পৃ.১,ক.৫)।

৪। **সাড়ে ৪ বছরের মধ্যে গত ডিসেম্বরে মূল্যস্ফীতি ছিল সবচেয়ে কম**

বিগত সাড়ে চার বছরের মধ্যে মূল্যস্ফীতি কম ছিল ডিসেম্বরে। ডিসেম্বর মাসে পয়েন্ট টু পয়েন্ট ভিত্তিতে সাধারণ মূল্যস্ফীতি কমে দাঁড়িয়েছে ৫ দশমিক শূন্য ৩ শতাংশ। আগের মাসে (নভেম্বর) মূল্যস্ফীতির এ হার ছিল ৫ দশমিক ৩৮ শতাংশ। গতকাল ৩ জানুয়ারি মঙ্গলবার শেরেবাংলা নগরে এনইসি সম্মেলন কক্ষে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর হালনাগাদ এ তথ্য সংবাদ সম্মেলনে তুলে ধরেন পরিকল্পনামন্ত্রী আ হ ম মুস্তফা কামাল। পরিকল্পনামন্ত্রী বলেন, সরকারের নানামুখী পদক্ষেপের কারণে মূল্যস্ফীতি পুরোপুরি নিয়ন্ত্রণে আছে। চলতি অর্থবছরে লক্ষ্যমাত্রার নিচে থাকবে মূল্যস্ফীতি। গত ৫৩ মাসের মধ্যে ডিসেম্বরে মূল্যস্ফীতি সর্বনিম্ন ছিল বলেও তিনি জানান। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৫), **জনকণ্ঠ** (পৃ.১৮,ক.৬), **ডেইলি স্টার বিজনেস পাতা** (পৃ.১,ক.৩), **ডেইলি সান** (পৃ.১,ক.৭)।

৫। **সংসদের চতুর্দশ অধিবেশন আগামী ২২ জানুয়ারি**

দশম জাতীয় সংসদের চতুর্দশ অধিবেশন আগামী ২২ জানুয়ারি রোববার বিকাল ৪ টায় শুরু হবে। রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ সংবিধানের ৭২ অনুচ্ছেদের (১) দফায় প্রদত্ত ক্ষমতাবলে গতকাল ৩ জানুয়ারি মঙ্গলবার এ অধিবেশন আহ্বান করেন। এটি হবে দশম জাতীয় সংসদের ২০১৭ সালের প্রথম অথাৎ শীতকালীন অধিবেশন। বছরের প্রথম অধিবেশন হিসেবে সংবিধান অনুযায়ী রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ অধিবেশনের শুরুর দিন সংসদে ভাষণ দিবেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.১), **জনকণ্ঠ** (পৃ ১,ক.৪), **অবজারভার** (পৃ.১,ক.৮), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.৪)।

৬। **প্রধানমন্ত্রী মার্চে উদ্বোধন করবেন দ্বিতীয় ভৈরব রেল ও দ্বিতীয় তিতাস রেলসেতু : রেলপথ মন্ত্রী**

রেলপথ মন্ত্রী মুজিবুল হক এমপি বলেছেন, আগামী মার্চেই প্রধানমন্ত্রী উদ্বোধন করবেন ব্রাক্ষণবাড়িয়ার মেঘনা নদীতে নির্মিতব্য দ্বিতীয় ভৈরব রেলসেতু ও তিতাস নদীতে নির্মিতব্য দ্বিতীয় তিতাস রেলসেতু। সেতু দুটির নির্মাণ কাজ শেষ হলে ঢাকা থেকে আখাউড়া পর্যন্ত পুরোপুরি ডাবল বা ডুয়েল লাইন হবে। ঢাকা-চট্টগ্রাম ডাবল লাইনে ট্রেন চলাচল শুরু হলে সময় ও অর্থের যথেষ্ট সাশ্রয় হবে। তিনি গতকাল ৩ জানুয়ারি মঙ্গলবার ব্রাক্ষণবাড়িয়ায় দুটি সেতু পরিদর্শন শেষে এ কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ. ৫,ক.৫), **সংবাদ** (শেষ পৃ.,ক.১)।

৭। **রাজধানীর গুলশান-১ ডিএনসিসি মার্কেটে ভয়াবহ আগুন**

রাজধানীর গুলশান ১ নম্বরে ঢাকা উত্তর সিটি করপোরেশন (ডিএনসিসি) মার্কেটে ভয়াবহ আগুনে পাঁচ শতাধিক দোকান পুড়ে ছাই হয়েছে। গত ২ জানুয়ারি সোমবার রাতে আগুন লাগার পর ভোরের দিকে মার্কেটের পূর্ব পাশের বড় একটি অংশ ধসে চ্যাপ্টা হয়ে যায়। অপর অংশে থাকা দোকানগুলো গতকাল ৩ জানুয়ারি মঙ্গলবার বিকাল পর্যন্ত পুড়ে ছাই হয়, তবে হতাহতের কোনো ঘটনা ঘটেনি। ক্ষতিগ্রস্ত ব্যবসায়ীদের অভিযোগ, এ আগুন নাশকতার। তাদের উচ্ছেদের জন্যই ষড়যন্ত্র করে মার্কেটে আগুন লাগানো হয়েছে। তবে ডিএনসিসির মেয়র আনিসুল হকের ধারণা, নাশকতা নয়, বৈদ্যুতিক গোলযোগ থেকে আগুনের ঘটনা ঘটতে পারে। ঘটনা তদন্তে ডিএনসিসি ও ফায়ার সার্ভিসের সমন্বয়ে সাত সদস্যের একটি কমিটি গঠন করা হয়েছে। সূত্র-**সমকাল** (পৃ.১,ক, ৫), **প্রথম আলো** (পৃ.১,ক.৫), **ফিনানশিয়াল একপ্রেস** (পৃ.১,ক.৬), **এশিয়ান এজ** (পৃ.১,ক.১)। **জনকণ্ঠ, সংবাদ, ভোরের কাগজ, যুগান্তর, ইন্ডিপেনডেন্ট, অবজারভার, ডেইলি সান, নিউ নেশন** এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

৮। **২ হাজার ৩৬৭ জন গেরিলা মুক্তিযোদ্ধার স্বীকৃতি : হাইকোর্টের রায় বহাল**

একাত্তরে মুক্তিযুদ্ধে ন্যাপ, কমিউনিস্ট পার্টি ও ছাত্র ইউনিয়নের নেতৃত্বাধীন বামপন্থি বিশেষ গেরিলা বাহিনীর ২ হাজার ৩৬৭ জন মুক্তিযোদ্ধার স্বীকৃতি বাতিলের প্রজ্ঞাপন অবৈধ ঘোষণা করে হাইকোর্টের দেওয়া রায় বহাল রেখেছেন সুপ্রিম কোর্টের আপিল বিভাগ। প্রধান বিচারপতি সুরেন্দ্র কুমার সিনহার নেতৃত্বাধীন আপিল বিভাগের চার সদস্যের বেঞ্চ গতকাল ৩ জানুয়ারি মঙ্গলবার এ আদেশ দেন। সূত্র-**সমকাল** (শেষ.পৃ,ক. ৪), **সংবাদ** (পৃ.১,ক.৮), **অবজারভার** (পৃ.১,ক.৭), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৭)।

৯। **ভূমিকম্পে কাঁপল সারাদেশ : উৎপত্তিস্থল ত্রিপুরা**

রাজধানী ঢাকাসহ দেশের বিভিন্ন স্থানে মাঝারি ধরণের ভূমিকম্প অনুভূত হয়েছে। গতকাল ৩ জানুয়ারি মঙ্গলবার ৩টা ৯ মিনিটে ৫.৫ মাত্রার এই ভূমিকম্প অনুভূত হয়। ভূমিকম্পের সময় আতঙ্কিত হয়ে দু'জনের মৃত্যুর খবর পাওয়া গেছে। ভূমিকম্পের কারণে দেশের বিভিন্ন জেলার বেশ কিছু ভবনে ফাটল এবং খেলার মাঠ ও কৃষিজমি ফেটে যাওয়ার খবরও পাওয়া গেছে। আবহাওয়া অধিদফতর জানায়, দুপুর ৩টা ৯ মিনিট ০২ সেকেন্ডে ভূমিকম্পটি অনুভূত হয়। রিখটার স্কেলে এই ভূমিকম্পের মাত্রা ছিল ৫.৫। ভূমিকম্পটির উৎপত্তিস্থল ছিল ঢাকা থেকে ১৭৬ কিলোমিটার দূরে ভারতের ত্রিপুরায়। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৭), **জনকণ্ঠ** (পৃ.১,ক.২), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৮), **অবজারভার** (পৃ.১,ক.১)।

১০। **সার্ভিস চার্জ আদায়ে ব্যাংকের জন্য ৬ খাত নির্ধারণ : হুন্ডি রোধে তৎপর হওয়ার নির্দেশ বাংলাদেশ ব্যাংকের**

সংকট মোকাবিলায় শীঘ্রই ডলার আমদানি করা হবে বলে কেন্দ্রীয় ব্যাংকের পক্ষ থেকে জানানো হয়েছে। এর প্রক্রিয়া চলছে বলেও জানানো হয়। গতকাল ৩ জানুয়ারি মঙ্গলবার দেশের বাণিজ্যিক ব্যাংকগুলোর সঙ্গে এক সভায় এ তথ্য জানানো হয়। এ ছাড়া ক্ষুদ্র ও মাঝারি ঋণের চার্জ কমানো, হুন্ডি রোধে ভূমিকা রাখা ও অযাচিত সার্ভিস চার্জ না নেওয়াসহ ব্যাংকগুলোকে বেশ কিছু নির্দেশনা দিয়েছে কেন্দ্রীয় ব্যাংক। একই সঙ্গে চার্জ আদায়ে নির্দিষ্ট ৬ টি খাত নির্ধারণ করে দিয়েছে ব্যাংকগুলোর জন্য। কেন্দ্রীয় ব্যাংকের জাহাঙ্গীর আলম কনফারেন্স হলে আয়োজিত ব্যাংকার্স সভায় গভর্নর ফজলে কবিরের সভাপতিত্বে ডেপুটি গভর্নর এস কে সুর চৌধুরী, এস এম মনিরুজ্জামানসহ ব্যাংকগুলোর ব্যবস্থাপনা পরিচালকরা উপস্থিত ছিলেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৩), **জনকণ্ঠ** (পৃ.১৮,ক.১), **ডেইলি**

স্টার বিজনেস পাতা (পৃ.১,ক.৭), **নিউ এজ বিজনেস পাতা** (পৃ.১,ক.২)।

সম্পাদকীয়

ক. **ইত্তেফাক, ডেইলি সান :** সড়ক দুর্ঘটনার পরিমাণ হ্রাসের সর্বাত্মক চেষ্টা অব্যাহত রাখার পাশাপাশি দুর্ঘটনাজনিত মৃত্যু এবং শারীরিকভাবে পঙ্গুত্ব রোধ করতে দুর্ঘটনাপ্রবণ মহাসড়কের নিকটস্থ অঞ্চলে প্রয়োজনীয় চিকিৎসাকেন্দ্র গড়ে তোলার আহ্বান।

খ. **জনকন্ঠ :** ডট বাংলা ডোমেইন বাংলাদেশের জন্য প্রযুক্তির যে অপার সম্ভাবনার দুয়ার খুলে দিল তা কাজে লাগাতে হবে যথাযথ সৃজনশীল পথ পদ্ধতি ও উপায়ে বলে অভিমত।

গ. **প্রথম আলো** : আইএলও'র গ্লোবাল ওয়েজ প্রতিবেদনের তথ্য অনুযায়ী আশপাশের দেশগুলোর তুলনায় বাংলাদেশের প্রকৃত মজুরি বৃদ্ধির হার কম থাকার পরিপ্রেক্ষিতে জাতীয়ভাবে ন্যূনতম মজুরি কাঠামো ঠিক করার ওপর গুরুত্বারোপ।।

ঘ. **সংবাদ :** ঢাকার চার নদী বুড়িগঙ্গা, শীতলক্ষ্যা, বালু ও তুরাগ নদীর দূষণ ও দখল রোধে একাধিক পরিকল্পনা নেওয়া হলেও কাজের কোনো অগ্রগতি না হওয়ার পরিপ্রেক্ষিতে যথাযথ কর্তৃপক্ষকে যথাযথ উদ্যোগ নেওয়ার সুপারিশ।

ঙ. **যুগান্তর :** চট্টগ্রাম বন্দরে আমদানিকৃত পণ্যভর্তি কনটেইনারের ওপর আরোপিত দ্বিগুণ ডেমারেজ চার্জ অবিলম্বে প্রত্যাহার করার সুপারিশ।

চ. **সমকাল :** ধুলাদূষণে চট্টগ্রাম ও ঢাকাসহ দেশের অন্যান্য মহানগরের পরিস্থিতি উদ্বেগজনক হয়ে পড়ায় ধুলাদূষণ রোধে সচেতনতা বৃদ্ধি ও উদ্যোগ নেওয়ার আহ্বান।

ছ. **ইন্ডিপেনডেন্ট :** বিদেশি টিভি চ্যানেলের মাধ্যমে বিপুল অর্থ ব্যয়ে দেশীয় পণ্যের বিজ্ঞাপন প্রচারের ওপর নিষেধাজ্ঞা আরোপের প্রত্যাশা।

জ. **ডেইলি সান :** পার্বত্য চট্টগ্রাম এলাকার মাধ্যমে ভারত ও মিয়ানমার থেকে আসা অস্ত্র চোরাচালান বন্ধে বিজিবি কে সর্বোচ্চ সতর্কতা অবলম্বনের আহ্বান।

ঝ. **নিউ নেশন :** বিগত ২৫ বছরে দেশের বিভিন্ন শহরে বাড়িভাড়া ৩৮৮ শতাংশ বৃদ্ধি পাওয়ায় এ বিষয়ে একটি প্রয়োজনীয় নীতিমালা প্রণয়নের ওপর গুরুত্বারোপ।

ঞ. **নিউ এজ :** সরকারি ডাটাবেজে অন্তর্ভুক্ত নামের তালিকা থেকে রিক্রুটিং এজেন্সিকে বাধ্যতামূলকভাবে শ্রমিক পাঠানোর ব্যবস্থা করার উদ্যোগকে স্বাগত জানিয়ে ডাটাবেজ বহির্ভূত শ্রমশক্তিকেও এর অন্তর্ভুক্ত করার ব্যবস্থা করার সুপারিশ করে সম্পাদকীয় প্রকাশ করেছে।

উপ-সম্পাদকীয়

জনকন্ঠ পত্রিকায় প্রকাশিত কলামে সুস্থভাবে বেঁচে থাকার জন্য পোশাক শ্রমিকরা যে মজুরি দাবি করছেন তা ন্যায়সংগত হওয়ায় মালিক পক্ষকে এই জরুরি দিকটি বিবেচনায় রাখতে হবে বলে উল্লেখ করা হয়েছে।

নিবন্ধ ও ফিচার

সংবাদ পত্রিকায় প্রকাশিত কলামে **'মেগা প্রকল্প বাস্তবায়ন নিয়ে কথা'** শিরোনামের নিবন্ধে মোতাহার হোসেন অগ্রাধিকার দেয়া মেগা প্রকল্প যথাযময়ে এবং নির্ধারিত ব্যয়ে বাস্তবায়িত হলে বাংলাদেশ সমৃদ্ধির পথে এগিয়ে যাবে বলে অভিমত প্রকাশ করেছেন।

#

ডালিয়া/শুকলা/মরজিনা/রশীদ/তানিয়া/২০১৬/৯.০০ ঘণ্টা